

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৮৫
আগরতলা, ২৯ ডিসেম্বর, ২০২৩

**নাগিছড়া বাগিচা ফসল গবেষণা কেন্দ্র পরিদর্শনে
পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের প্রতিনিধি দল**

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি হরিদুলাল আচার্য সহ জিলা পরিষদের কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সদস্য-সদস্যগণ সম্প্রতি ডুকলি কৃষি মহকুমার বিভিন্ন ফল ও ফুলের বাগিচা, নার্সারী এবং নাগিছড়া উদ্যান পালন ও বাগিচা ফসল গবেষণা কেন্দ্রটি পরিদর্শন করেন। পরিদর্শনের সময় প্রতিনিধিদল এই ফল, ফুল, সজীচারা উৎপাদন কেন্দ্র, নাগিছড়া ফলবাগান, ফল চারা উৎপাদনের উন্নত বিজ্ঞান সম্মত প্রক্রিয়াগুলি খতিয়ে দেখেন। এছাড়া প্রতিনিধিগণ পরিদর্শন করেন নাগিছড়া ফল বাগানের অন্তর্গত আম্রপালি, কাজু বাদাম, ড্রাগনফল, আপেলকুল, মুসাম্বী, পেয়ারা, ইত্যাদি ফল বাগান। পরিদর্শনের সময় প্রতিনিধি দলের সাথে ছিলেন পশ্চিমজেলা উদ্যান পালন ও ভূমি সংরক্ষণ কার্যালয়ের উপঅধিকর্তা ড. উত্তম দাস, নাগিছড়া উদ্যান পালন ও বাগিচাফসল গবেষণা কেন্দ্রের (সজী) উপঅধিকর্তা ড. রাজীব ঘোষ এবং কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের আধিকারিকগণ। এই পরিদর্শনের সময় পরিদর্শকগণ নাগিছড়ায় আত্ম প্রকল্পে আয়োজিত পশ্চিম জেলা ভিত্তিক একদিনের প্রশিক্ষণে আগত কৃষকদের সাথেও মতবিনিময় করেন।
